



পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

www.warpo.gov.bd

১। ভূমিকা:

আবহমান কাল থেকে বাংলাদেশের প্রকৃতি, ইতিহাস, অর্থনীতি, শিক্ষা ও সংস্কৃতি নদ-নদীর উপর ভিত্তি করে গড়ে উঠেছে। বর্ষা মৌসুমে পর্যায়ক্রমিক বন্যা, জলোচ্ছাস, সাইক্লোন, নদী ভাঙ্গন ও শুকনো মৌসুমে পানির দুঃপ্রাপ্যতা, নদ-নদী ভরাট, খরা, লবণাক্ততা, ভূ-গর্ভস্থ পানির স্তরনেমে যাওয়া ও ভূ-পরিষ্ক পানির মানের ক্রমাবনতির কারণে বাংলাদেশের পানি ব্যবস্থাপনা আজ কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন। ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে পানির বহুমাত্রিক চাহিদাও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। আর্সেনিক দূষণ এই সমস্যাকে আরও জটিল করে তুলেছে। বাংলাদেশের ভূ-খন্ডের বাইরে থেকে আগত নদ-নদীর প্রবাহের উপর আমাদের নিয়ন্ত্রণ না থাকায় পানি ব্যবহারকারীদের মধ্যে দ্বন্দ্ব, অপরিবর্তিত উন্নয়ন কার্যক্রম গ্রহণে পানি ব্যবস্থাপনায় সমন্বয়হীনতা ইত্যাদি বিষয়গুলো সামগ্রিক অবস্থার আরও অবনতি ঘটানো হয়েছে। এ প্রেক্ষিতেই সরকার পানি সম্পদের উন্নয়ন ও এর সুস্থ ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ এ প্রদত্ত ক্ষমতাবলে ১৯৯২ সনে ওয়ারপো সৃষ্টি করে। দেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়নে একমাত্র সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৮৩ হতে ১৯৯১ সালে জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে গঠিত মাস্টার প্ল্যান অরগানাইজেশন বা এমপিও এর উত্তরসূরী। ১৯৮৯ হতে ১৯৯৬ সালে ফ্লাড এ্যাকশনপ্ল্যান (ফ্যাপ) কার্যক্রম সমন্বয়ের জন্য স্থাপিত ফ্লাড প্ল্যান কো-অর্ডিনেশন অরগানাইজেশন বা এফপিসিও কে ১৯৯৬ সালে ওয়ারপোর সাথে একীভূত করা হয়। ২০০৫ সালে উপকূলীয় অঞ্চল নীতি এবং ২০০৬ সালে উপকূলীয় কৌশলের দ্বারা ওয়ারপোকে উপকূলীয় এলাকার সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়। সম্প্রতি বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর মাধ্যমে ওয়ারপোকে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসাবে দায়িত্ব প্রদান করা হয়।

১.১ পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২; জাতীয় পানি নীতি, ১৯৯৯; উপকূলীয় অঞ্চল নীতি, ২০০৫ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুযায়ী ওয়ারপোর কার্যপরিধি ও দায়িত্বসমূহ:

১. পানি সম্পদের উন্নয়নকল্পে পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়ন করা;
২. পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ করা;
৩. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শ প্রদান করা;
৪. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত যে কোন প্রতিষ্ঠানের সমীক্ষা পরিচালনায় সহযোগিতা প্রদান এবং প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন বিষয়ে বিশেষ সমীক্ষা পরিচালনা করা;
৫. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা হতে উদ্ভূত বিষয়ের মূল্যায়ন ও পর্যালোচনা করা এবং উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা;
৬. পানি সম্পদের ব্যবহার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নত করা;
৭. পানি সম্পদের ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা এবং প্রচারের ব্যবস্থা করা;
৮. পানি সম্পদ বিষয়ক জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা;
৯. জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ইসিএনডব্লিউআরসি)-কে প্রশাসনিক ও সাচিবিক সহায়তা প্রদান;
১০. পানি সম্পদ, সংশ্লিষ্ট ভূমি ও পরিবেশগত ব্যবস্থাপনা নীতি, পরিকল্পনা ও নিয়ন্ত্রণমূলক বিষয়ে ইসিএনডব্লিউআরসি -কে পরামর্শ প্রদান;

১১. জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি)-এর অনুমোদনের জন্য জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রস্তুত এবং নির্দিষ্ট সময়ান্তরে হালনাগাদকরণ;
১২. জাতীয় পানি সম্পদ তথ্য ভান্ডার (এনডব্লিউআরডি) ব্যবস্থাপনা ও হালনাগাদকরণ;
১৩. বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লিয়ারিং হাউজ হিসাবে দায়িত্ব পালন এবং বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপিএর সাথে সঙ্গতিপূর্ণ কিনা এ বিষয়ে ইসিএনডব্লিউআরসি এর নিকট প্রতিবেদন পেশ করা;
১৪. জাতীয় পানি নীতি এবং বাংলাদেশ পানি ও বন্যা ব্যবস্থাপনা কৌশলে বর্ণিত উদ্দেশ্য ও কর্মসূচি পূরণের জন্য ইসিএনডব্লিউআরসি-র চাহিদা অনুসারে কোন বিশেষ সমীক্ষা পরিচালনা;
১৫. বাস্তবায়নের পর্যায়ে সমন্বয় সাধনের জন্য একটি কর্মসূচি সমন্বয় ইউনিট (Program Co-ordination Unit-PCU) প্রতিষ্ঠা করা। সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনার নির্ধারিত সূচকের আলোকে প্রকল্পের অগ্রগতি দেখাশোনা করা।
১৬. আইসিজেডএম প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কর্মসূচি সমন্বয় ইউনিট (পিসিইউ) এর মাধ্যমে বিভিন্ন সার্ভিস মন্ত্রণালয়, যেমন অর্থ, পরিকল্পনা ও জনপ্রশাসন মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ রক্ষা করা।
১৭. সংশ্লিষ্ট সকল সংস্থায় ফোকাল পয়েন্ট স্থাপন করা, যারা দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি হিসেবে নিজ নিজ সংস্থার পক্ষে আইসিজেডএম কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকবেন এবং পিসিইউ এর সাথে কার্যকরী যোগাযোগ রক্ষা করবেন।
১৮. স্থানীয় পর্যায়ে (জেলা, উপজেলা ও ইউনিয়ন) পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রচলিত স্থানীয় সরকার কাঠামোকে কাজে লাগানো। স্থানীয় পর্যায়ে অংশগ্রহণমূলক সমন্বিত পরিকল্পনা প্রক্রিয়াকে উৎসাহিত করা এবং জাতীয় পর্যায়ে পিসিইউ ও খাতভিত্তিক সংস্থাগুলোর সাথে সংযোগ সৃষ্টি করা।
১৯. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত নীতি ও কর্মপন্থা বাস্তবায়নে ও প্রয়োগে সহায়তা প্রদান;
২০. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটির নির্দেশনার আলোকে সভায় উপস্থাপনের নিমিত্ত সকল প্রকার প্রস্তাব প্রস্তুত;
২১. বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নে সংশ্লিষ্ট স্থান বা প্রকল্প এলাকা পরিদর্শন করা;
২২. পানি আইন সম্পর্কিত বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
২৩. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;
২৪. জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন;
২৫. পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ;
২৬. ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের জন্য অনাপত্তি প্রদান।

১.২। জনবল:

অনুমোদিত সেটআপ অনুযায়ী ৪৪ জন কর্মকর্তা ও ৪৩ জন কর্মচারিসহ ওয়ারপোর মোট জনবল হলো ৮৭, যা নিম্নে উপস্থাপন করা হলো:

কর্মকর্তা ও কর্মচারি	অনুমোদিত সেটআপ অনুযায়ী সংখ্যা	বর্তমানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারি সংখ্যা	শূন্য পদ

গ্রেড ১-৯	৪২	৩৩	১০
গ্রেড ১০	২	২	
গ্রেড ১১-২০	৪৩	৪২	০০
সর্বমোট:	৮৭	৭৭	১০

শূন্য পদগুলির মধ্যে ৫ টি ১-৯ম গ্রেড ভুক্ত কর্মচারী, যার নিয়োগ প্রক্রিয়া চলমান। এছাড়া, পদোন্নতির জন্য ৫টি ৬ষ্ঠ গ্রেডের পদ সংরক্ষিত আছে।

১.৩। ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ:

জেলা পর্যায়ে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রণীত হয়েছে। জেলা পর্যায়ে চাহিদাকৃত ১০টি ক্যাটাগরিতে ৬৯৩ জন জনবলের প্রেক্ষিতে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৬৩ জেলায় ৭টি ক্যাটাগরিতে ৪৪১ জন জনবলের পদ সৃজনের বিষয়ে সম্মতিজ্ঞাপন করেছে। এছাড়া আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাপ্রাপ্ত নীতিমালা, ২০১৮ অনুসারে অবশিষ্ট ৩টি ক্যাটাগরিতে ২৫২ জন জনবলের আউটসোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেছে। পরবর্তীতে, অর্থ মন্ত্রণালয় ০৭ টি বিভাগীয় শহরে ০৭ টি কার্যালয়ের জন্য ৫৬ টি পদ সৃজনের ব্যাপারে সম্মতি জ্ঞাপন করে। বর্তমানে, বিষয়টি প্রশাসনিক উন্নয়নসংক্রান্ত সচিব কমিটিতে প্রক্রিয়াধীন রয়েছে।

১.৪। বাজেট বরাদ্দ ও ব্যয়:

সরকারের উন্নয়ন ও রাজস্ব বাজেটের সহায়তায় ওয়ারপোর কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

২০১৯-২০ সালের উন্নয়ন ও রাজস্ববাজেট

(লক্ষ্য টাকায়)

প্রকল্পের নাম	২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বরাদ্দ(লক্ষ টাকা)	উৎস
Study on Developing Operational Shadow Prices for Water to Support Informed Policy and Investment Decision making Process	৪০০.০০	জিওবি
পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র অনলাইন প্রক্রিয়াকরণ	৪০০.০০	জিওবি
বেতন ভাতাদি	৬১৪.২৯	জিওবি
অন্যান্য	৬১৯.৭১	জিওবি

উপমোট	১২৩৪.৫০	জিওবি
সর্বমোট	২০৩৪.৫০	

২। পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ২০১৯-২০২০ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সারসংক্ষেপ:




২.১ ২০১৯-২০২০ অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য আইন, বিধি ও নীতি প্রণয়ন

২.১.১ শিল্প খাতে পানি ব্যবহার সংক্রান্ত “Industrial Water Use policy” এর খসড়া প্রণয়ন:

শিল্পখাতে ক্রমবর্ধমান পানি ব্যবহারে পানির প্রাকৃতিক উৎসগুলো হ্রাস পাচ্ছে এবং শিল্পবর্জ্যের কারণে পানি দূষণ বাড়ছে। ফলে সার্বিক পানি নিরাপত্তায় ঝুঁকি তৈরি হচ্ছে। ‘বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০’ নির্দিষ্ট অভীষ্ট-২ এ পানির নিরাপত্তা এবং পানি ব্যবহারে অধিকতর দক্ষতা বৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। পানি নিরাপত্তা সমৃদ্ধ শিল্প প্রবৃদ্ধি, যা শিল্পখাতে পানির ব্যবহার পরিমিত করবে এবং শিল্পবর্জ্য জনিত পানি দূষণ হ্রাস করবে- সেজন্য নীতিগত পদক্ষেপ নেয়া জরুরী। পানি নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজন জীবনধারণ, জীবনমান ও আর্থ-সামাজিক উন্নয়ন, পানি দূষণ ও পানিবাহিত রোগ থেকে নিরাপদ থাকার জন্য পর্যাপ্ত পরিমাণ ও যথাযথ মানের সুপেয় পানি প্রাপ্তির ক্ষেত্রে জনসাধারণের সর্বাধিকার সুরক্ষিত করার সক্ষমতা। শিল্প পণ্যেও উৎপাদনের সকল পর্যায়ে প্রক্রিয়াকরণ, দ্রবীভূতকরণ, ধোয়া, ঠান্ডা করা, পণ্য পরিবহন, পণ্যে পানি যুক্তকরণ, বা শিল্প কারখানায় পয়ঃনিষ্কাশনের উদ্দেশ্যে ব্যবহৃত পানি-শিল্পখাতে পানি ব্যবহারের সংজ্ঞার আওতাভুক্ত। এ বিষয়গুলো বিবেচনা করে জাতীয় অর্থনৈতিক উন্নয়ন অভিলক্ষ্য অর্জনে শিল্পায়ন, দারিদ্র দূরীকরণ, পানি ও খাদ্য নিরাপত্তা, জনস্বাস্থ্য, জনগণের জীবনমান উন্নয়ন এবং প্রাকৃতিক পরিবেশ সুরক্ষার উদ্দেশ্যে ওয়ারপো ‘শিল্পখাতে পানি ব্যবহার নীতি’ (Industrial Water Use Policy) প্রণয়ন করেছে। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বিগত ১৯/০১/২০২০ তারিখে এ নীতির ইংরেজি খসড়াটি অনুমোদিত হয়েছে। আস্তঃ মন্ত্রণালয় সভা ও তৎপরবর্তীতে মন্ত্রিপরিষদের চূড়ান্ত অনুমোদনের জন্য নীতিটির বাংলা ভাষান্তর করা হচ্ছে। শিল্পখাতে পানি ব্যবহার ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সকল অংশভোগীর জন্য এ নীতি দিক-নির্দেশনামূলক হবে।

২.১.২) জেলা, উপজেলা এবং ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইনের খসড়া প্রণয়ন:

বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ১৭ অনুযায়ী জেলা/ উপজেলা/ ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা/ উপজেলা/ ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০ প্রণয়ন করা হয়েছে। এ গাইডলাইনের আওতায় গৃহীত ব্যবস্থা স্থানীয় পর্যায়ে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় ভূমিকা রাখবে।



চিত্র: (ক) জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০ (খ) উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০ এবং (গ) ইউনিয়ন সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইডলাইন, ২০২০

২.২। ‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার’ (এনডব্লিউআরডি):

২.২.১) উপাত্ত সরবরাহ (Data Dissemination):

পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ অনুসারে পানি সম্পদ সম্পর্কিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও প্রচার, জাতীয় পানি নীতি ১৯৯৯ অনুসারে জাতীয় ‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)’ তৈরী, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করার দায়িত্ব ওয়ারপোর উপর ন্যস্ত। এ লক্ষ্যে ২০০১ সালে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রণয়নে সহায়তা প্রদানের জন্য ওয়ারপোতে ‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)’ প্রতিষ্ঠা করা হয়েছে। পর্যায়ক্রমে এর অধীনে ২০০৫ সালে ‘সমন্বিত উপকূলীয় অঞ্চল সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি)’ সংযুক্ত হয়েছে।

পানি সম্পদ ও পানি সম্পদ সংশ্লিষ্ট (ভূ-পরিস্থ পানি, ভূ-গর্ভস্থ পানি, পরিবেশ, জলবায়ু, মৃত্তিকা ও কৃষি, বন, মৎস্য এবং আর্থ-সামাজিক সংক্রান্ত) বিষয়ে অদ্যাবধি এনডব্লিউআরডিতে ৫৫৭ টি এবং আইসিআরডি-তে ৫৬৩ টি উপাত্ত সংযোজন করা হয়েছে। সারাদেশের প্রায় ৫০ টি সংস্থার এবং ওয়ারপোর নিজস্ব তথ্য-উপাত্ত এই উপাত্তভান্ডারে সংরক্ষিত আছে। এই উপাত্তভান্ডার এনডব্লিউএমপি হালনাগাদকরণ এবং পানি সম্পদ সম্পর্কিত ডিজিটাল উপাত্ত ও তথ্যের একটি কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ উৎস। বিভিন্ন দেশী বিদেশী সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান ও প্রকল্প কর্তৃক পানি সম্পদ পরিকল্পনা, ব্যবস্থাপনা, গবেষণা, প্রকল্প বাস্তবায়ন, অধ্যয়ন ইত্যাদি কাজে এনডব্লিউআরডি ও আইসিআরডি-এর উপাত্ত ব্যবহৃত হচ্ছে।

২০১৯-২০ অর্থবছরে ওয়ারপো কর্তৃক বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রভৃতি সংস্থাকে এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে মোট ০৬ (ছয়) বার উপাত্ত সরবরাহ করা হয়েছে। এতে মোট ৯১৬৪৩.০০ (একানব্বই হাজার ছয় শত তেতাল্লিশ) টাকা আয় হয়েছে।

২.২.২) উপাত্ত সংগ্রহ:

এনডব্লিউআরডি ও আইসিআরডি এর বিদ্যমান উপাত্তসমূহ হালনাগাদকরণ এবং নতুন নতুন উপাত্ত অন্তর্ভুক্ত করার জন্য ২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, এবং মংলা বন্দর কর্তৃপক্ষ হতে ডিজিটাল/ হার্ডকপি উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

২.২.৩) জাতীয় ই-গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ক্রয় কার্যক্রম:

২০১৯-২০২০ অর্থবছরে কম্পিউটার ও তথ্য শাখায় ই-জিপি এর আওতায় ০১(এক) টি ক্রয় কার্য সম্পন্ন হয়েছে এবং একটি প্রক্রিয়াধীন আছে।

২.৩। ক্রিয়ারিং হাউজ হিসেবে ওয়ারপোর দায়িত্ব পালন:

জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) ২০০১ অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্প ও কর্মসূচির শুধুমাত্র কারিগরী বিষয় পর্যালোচনা করে পরিকল্পনা কমিশন ও আইএমইডিকে সহায়তা করে। এছাড়া জাতীয় পানি নীতি ১৯৯৯ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ (১৬ নং ধারা) অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্রিয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন করবে এবং প্রকল্পের ছাড়পত্র প্রদান করবে। তাছাড়া ওয়ারপো জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) এর নির্বাহী কমিটির সচিবালয় হিসেবে পানি সেক্টরের সকল কার্যক্রমের মধ্যে সমন্বয় আনয়নে সচেষ্ট থাকে। ক্রিয়ারিং হাউজ কার্যক্রমের মাধ্যমে ওয়ারপো পানি সম্পদ সেক্টরে চিহ্নিত প্রকল্পসমূহ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে প্রকল্পের সুবিধাভোগীদের অংশগ্রহণ, পারিপার্শ্বিক ও সামাজিক প্রভাব, প্রকল্পের পুনরাবৃত্তি পরিহার, বিভিন্ন টুলস, টেকনিক ও মডেলিং এর ব্যবহার নিশ্চিত করে থাকে। সর্বোপরি বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপি এর সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাই করে এনডব্লিউআরসিএর নির্বাহী কমিটির নিকট প্রতিবেদন পেশ করে। ২০০৭ সালে এ কার্যক্রম শুরু পর হতে এ যাবৎ (জুন ২০২০ পর্যন্ত) এই কর্মসূচীর আওতায় ওয়ারপো বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এর মোট ২৭৬ টি প্রকল্প প্রস্তাবের ছাড়পত্র প্রদান করেছে। বিগত অর্থবছর (২০১৯-২০২০, জুলাই ২০১৯ হতে জুন ২০২০ পর্যন্ত) সময়ে ওয়ারপো বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ৩৪ (ত্রিশ) টি প্রকল্প প্রস্তাব পর্যালোচনান্তে ছাড়পত্র প্রদান করেছে। বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহের কারিগরী দিক পর্যালোচনা এবং পুনরাবৃত্তি পরিহারের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন অতীব প্রয়োজন। ওয়ারপো তার ক্ষুদ্র জনবল নিয়ে স্বল্প পরিসরে এ কার্যক্রম শুরু করেছে। উল্লেখ্য যে, ওয়ারপোতে বিদ্যমান “ক্রিয়ারিং হাউজ” প্রক্রিয়া একটি পরীক্ষামূলক ব্যবস্থা যা আরও শক্তিশালী করা প্রয়োজন। তাছাড়া বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুমোদনের ফলে সাম্প্রতিক যে কোন প্রকল্প গ্রহণের পূর্বে ছাড়পত্র প্রদানের বাধ্যবাধকতা নিশ্চিত হয়েছে। সুতরাং আইন অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসেবে ওয়ারপো ক্রিয়ারিং হাউজ কার্যক্রম আরও বলিষ্ঠ ও শক্তিশালীভাবে সম্প্রসারণের লক্ষ্যে লোকবল বৃদ্ধিসহ প্রশিক্ষণ কর্মসূচী নেওয়া বর্তমান সময়ের দাবি। ২০১৯-২০ অর্থবছরে ওয়ারপো কর্তৃক ছাড়পত্র প্রকল্প সমূহের তালিকানিম্নে দেওয়া হলো:

- নোয়াখালী জেলাধীন চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-৪ (সিডিএসপি-৪) এর আওতায় নলেরচর ও ক্যারিং চরে নির্মিত অবকাঠামো সমূহ মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন;
- গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন কামারজানি ইউনিয়নের গোঘাট এবং সুন্দরগঞ্জ উপজেলার শ্রীপুর ইউনিয়নের খানাবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা ব্রহ্মপুত্রনদের ভাঙ্গন হতে রক্ষা;
- পাবনা জেলার আটঘরিয়া উপজেলার লক্ষ্মীপুর ইউনিয়নের চত্রা বিল খননের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- অর্জন;
- হবিগঞ্জ জেলার খোয়াই রিভার সিস্টেম উন্নয়ন;
- সাতক্ষীরা জেলার পোন্ডার নং-৩, ৫ এবং ১৫ পুনর্বাসন;
- খুলনা জেলার পোন্ডার নং ৩৪/২- এর অংশ (আমিরপুর-ভান্ডারকোট-বালিয়াডাঙ্গা উপ-প্রকল্প), ৩০, ৩১ (অংশ) ও ৩১ এর পুনঃসংস্কার;
- সাতক্ষীরাজেলারপোন্ডারনং-৭/১, ৭/২এবংখুলনা জেলার পোন্ডারনং- ১৩-১৪/২, ১৪/১এরপুনর্বাসনপ্রকল্প;

- চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলার দোহাজারী ইউনিয়নের দিয়ারকুল মৌজায় কাজী ফার্মস কর্তৃক ইকোনমিক জোন প্রতিষ্ঠা;
- সুগন্ধা নদীর ভাংগন হতে ঝালকাঠি জেলার সদর উপজেলা ও নলছিটি উপজেলার বিভিন্ন এলাকা রক্ষা;
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যান্ত্রিক সরঞ্জাম (এম ই) আধুনিকায়ন ও উন্নতিকরন;
- পদ্মা নদীর ভাঙ্গন হতে চাপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরবাগডাঙ্গা ও শাজাহানপুর এলাকা রক্ষা;
- পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পোল্ডারনং-৫৫/২জি এর বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন;
- সিলেট জেলার জকিগঞ্জ উপজেলাধীন সুরমা ও কুশিয়ারা নদীর তীর সংরক্ষণ ও উন্নয়ন;
- Bangladesh-China Power Company (Pvt.) Ltd. (BCPCL) এর আওতাধীন Payra 1320 MW Thermal Power Plant(১ম ও ২য়) ফেইজ এর পরিচালনার জন্য পানির উৎস আন্নারমানিক নদী থেকে পানি উত্তোলন;
- সুনামগঞ্জ জেলার সদর, জামালগঞ্জ, ধর্মপাশা, তাহিরপুর, দক্ষিণ সুনামগঞ্জ, দোয়ারাবাজার ও ছাতক উপজেলাধীন নদী তীর সংরক্ষণ ও নিষ্কাশন ব্যবস্থাপনা;
- কিশোরগঞ্জ জেলার ১০টি উপজেলা এবং হবিগঞ্জ জেলার ১টি উপজেলার বিভিন্ন নদী ভাংগন কবলিত স্থান রক্ষার্থে নদী তীর প্রতিরক্ষা কাজ, ওয়েভ প্রটেকশন ও নদী ড্রেজিং/খাল পুনঃখনন;
- চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-৪ (সিডিএসপি-৪) অতিরিক্ত অর্থায়ন;
- বরিশাল জেলার সদর উপজেলায় চরকাউয়া ও চাদমারী এলাকা কীর্তনখোলা নদীর ভাঙ্গন হতে রক্ষা;
- ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও বোরহানউদ্দিন উপজেলায় পোল্ডার নং-৫৬/৫৭ পুনর্বাসন প্রকল্প;
- চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পের অবকাঠামোর পুনর্বাসন এবং নদী ভাংগন প্রতিরোধে ড্রেজিং সহ প্রতিরক্ষা কাজ;
- ৬৪ জেলার অভ্যন্তরসহ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (২য় পর্যায়);
- খুলনা জেলা ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে ভৈরব-রূপসা ও হামকুড়া-গ্যাংরাইল নদী সিস্টেম পুনঃখনন/ড্রেজিংসহ বিভিন্ন ভাঙ্গন কবলিত স্থানে তীর প্রতিরক্ষা;
- লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলাধীন বড়খেরী ও লুপুয়াবাজার এবং কাদের পন্ডিতের হাট এলাকা ভাঙ্গন হতে রক্ষাকল্পে মেঘনা নদীর তীর সংরক্ষণ;
- মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন যমুনা নদীর বাম তীরে বাচামারা বাজার এবং হরিরামপুর উপজেলাধীন পদ্মা নদীর বাম তীরে বাহাদুরপুর, রামকৃষ্ণপুর ও ধূলসরা এলাকা নদী ভাঙ্গন হতে রক্ষা করণ;
- নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় সন্দীপ চ্যানেলের ভাঙ্গন হতে মুছাপুর ক্রোজার, রেগুলেটর এবং সংলগ্ন এলাকা রক্ষার জন্য মুছাপুর রেগুলেটরের ডাইভারশন চ্যানেল ও সন্দীপ চ্যানেলের বামতীর প্রতিরক্ষামূলক কাজ;
- পঞ্চগড় জেলায় তালমা, চাওয়াই, করতোয়া, পাথরাজ ও ঘোড়ামারা নদীর বিভিন্ন স্থানে নদী তীর সংরক্ষণ কাজ;
- শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার পদ্মা নদীর ডান তীরে সুরেশ্বর দরবার ও পার্শ্ববর্তী এলাকার পদ্মা নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে ইতোপূর্বে বাস্তবায়িত নদী তীর সংরক্ষণ কাজ শক্তিশালী করণ;

- বরিশাল জেলার বগরখানা, বিঘাই এবং পায়রা নদীর ডাঙ্গন হতে শেখ হাসিনা সেনানিবাস এলাকা রক্ষা;
- আড়িয়াল খাঁ নদীর ডাঙ্গন হতে বরিশাল জেলার গৌরনদী উপজেলার হোসনাবাদ বাজার, লঞ্চঘাট ও তৎসংলগ্ন এলাকা রক্ষার্থে স্থায়ী নদীতীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন;
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাধ, নদী-তীর ও খাল রক্ষাকল্পে সবুজায়ন;
- রাজবাড়ী জেলার পাংশা, কালুখালী, রাজবাড়ী সদর ও গোয়ালন্দ উপজেলার পদ্মা নদীর ডান তীরের ডাঙ্গন হতে রক্ষা;
- পদ্মা বহুমুখী সেতুর ভাটিতে মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টংগীবাড়ী উপজেলাধীন বিভিন্ন স্থানে পদ্মা নদীর বাম তীর সংরক্ষণ;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতি বিজড়িত গোপালগঞ্জ হতে টুঙ্গিপাড়া পর্যন্ত নৌ-রুট পুনর্বুদ্ধার ও সৌন্দর্যবর্ধন;
- বরগুনা জেলার আমতলী উপজেলাধীন বাপাউবোর পোন্ডার নং-৪৩/১ এর অন্তর্গত আমতলী-সুবন্দী-চাওড়া এলাকার জলাবদ্ধতা দূরীকরণ;
- নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন;

৩। ২০১৯-২০ অর্থবছরে ওয়ারপো কর্তৃক চলমান প্রকল্পঃ

৩.১। চলমান উন্নয়ন প্রকল্পঃ

৩.১.১) “Study on Developing Operational Shadow Prices for Water to Support Informed Policy and Investment Decision making Process” শীর্ষক প্রকল্পটির কার্যক্রম চলমান আছে। নীতি ও বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য এই সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত এবং প্রকল্পের ব্যয় ৪৮৯.৯৩ লক্ষ টাকা।

৩.১.২) “পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র অনলাইন প্রক্রিয়াকরণ” শীর্ষক প্রকল্পটির কার্যক্রম চলমান আছে। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারী ২০১৯ হতে জুন ২০২০ পর্যন্ত এবং প্রকল্পের ব্যয় ৪৮৯.৯৩ লক্ষ টাকা। প্রকল্পটির প্রধান উদ্দেশ্যসমূহ হলো:

- বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বাস্তবায়নে বিশেষ করে পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ এবং ফোর্স-মোড(force mode) ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র প্রদান।
- জাতীয় পানি সম্পদ উপাভ্যাস (এনডব্লিউআরডি) এর তথ্য প্রদান সহজ ও উন্নততর করা যা বাংলাদেশ পানি আইন ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।
- প্রকল্পটি সামগ্রিক ও সমন্বিত ভাবে পানি সম্পদের সুরক্ষা ও সংরক্ষণে ওয়ারপোর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে অবদান রাখবে।

২৩ জুন ২০২০ পর্যন্ত বাস্তবায়নঃ

প্রকল্পের বাস্তব অগ্রগতিঃ

- ঙ QCBS পদ্ধতি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ ও পরামর্শক সেবার চুক্তি স্বাক্ষর : ২৬/০৯/২০১৯ তারিখে সম্পন্ন হয়েছে;
- ঙ পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের প্রাথমিক খসড়া ওয়েব-পোর্টাল তৈরি হয়েছে;
- ঙ অনলাইন ডাটা ডিসেমিনেশন টুলস প্রণয়ন ও এনডল্লিউআরডি টুলস সমূহ হালনাগাদকরণ চলমান;
- ঙ ডাটা ম্যানেজমেন্ট গাইডলাইন এর খসড়া, প্রস্তুত সম্পন্ন হয়েছে;
- ঙ ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য অনাপত্তি পত্রের ওয়েব পোর্টালের আবেদনের ছক চূড়ান্ত হয়েছে;
- ঙ ৩ টি ১০ দিনের অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;
- ঙ জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে ১৯ মার্চ ২০২০ হতে ২১ এপ্রিল ২০২০ সময়কালের ২৫ (পঁচিশ) টি ব্যাচের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছিল এবং মন্ত্রণালয় কর্তৃক এর স্থগিতাদেশ সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে;
- ঙ যানবাহন ভাড়া সম্পন্ন (ই-জিপি: ওটিএম);এসি ক্রয়ের (আরএফকিউ) এবং কম্পিউটার হার্ডওয়্যার ক্রয়ের (ই-জিপি: ওটিএম) কাজ চলমান;
- ঙ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Final Inception Report I Draft Design Report, Draft Testing and Operational Plan Report, Draft Interim Report দাখিল করা হয়েছে। Draft Report সমূহ সংশ্লিষ্টদের নিকট মতামত প্রদানের জন্য প্রেরণ করা হয়েছে;
- ঙ ১১/১২/২০১৯ তারিখে ইনসেপশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে;
- ঙ পিআইসি-র ২টি সভা (০৬/১০/২০১৯ ও ১১/০৩/২০২০) এবং পিএসসি-র ২টি সভা (২১/১০/২০১৯ ও ০৪/০৬/২০২০) সম্পন্ন হয়েছে।

৩.২। চলমান গবেষণা কার্যক্রম:

৩.২.১) বাংলাদেশ সরকার ও Swiss Agency for Development Cooperation (SDC) এর অর্থায়নে ৩ টি জেলা রাজশাহী, নওগাঁ এবং চাপাই নবাবগঞ্জে “Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, 2018” শীর্ষক একটি সমীক্ষা প্রকল্প চলমান আছে। প্রকল্পটির মেয়াদ জানুয়ারী, ২০২০ থেকে জুন, ২০২৩ পর্যন্ত এবং প্রকল্পের ব্যয় মোট ১৫৩৩.৭৬ লক্ষ টাকা। প্রকল্পের পরামর্শক ও পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কাজ চলমান আছে। Participatory Rural Appraisal (PRA) Hydrological investigation & Modelling এর মাধ্যমে ৩ টি জেলাতে মৌজা ভিত্তিক ভূ-গর্ভস্থ ও ভূপরিষ্ক পানির উৎস চিহ্নিতকরণ, খাতওয়ারী পানির চাহিদা নিরূপণ, ভূ-গর্ভস্থ পানির নিরাপদ আহরণ সীমা নির্ধারণ, জলাধার সংরক্ষণ এবং পানির অবস্থা, প্রাপ্যতা ও পর্যাপ্ততার ম্যাপ তৈরি করা সম্ভব হবে।

৩.২.২) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পানি সম্পদ কৌশল বিভাগের সাথে “Research on River bank erosion dynamics using Numerical Modeling and Deep learning Technique” শীর্ষক প্রকল্পটির কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটির মেয়াদকাল ২৭ জানুয়ারি, ২০১৯ হতে ২৭ জুলাই, ২০২০। এ প্রকল্পের আওতায় হাইড্রোডিনামিক এবং মরফোলজিক্যাল মডেল তৈরি করা হয়েছে। এই মডেলের মাধ্যমে নদীর পাড় ভাঙনের প্রক্রিয়া বিশ্লেষণ অত্যন্তকরে Deep learning Techniques ব্যবহার করে Erosion Prediction Tool তৈরি করা হচ্ছে।

৩.২.৩) বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের পলি ব্যবস্থাপনার কৌশল তৈরির লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটএর সাথে ‘Research on Sediment Distribution and Management in South-West Region of Bangladesh’ শীর্ষক একটি যৌথ গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। পলি ব্যবস্থাপনা বাংলাদেশের জন্য একটি চ্যালেঞ্জ, বিশেষ করে দক্ষিণ-পশ্চিম অঞ্চলের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। ১৮ মাস মেয়াদী প্রকল্পটি জুন, ২০১৯ এ শুরু হয়েছে এবং ডিসেম্বর, ২০২০ এ শেষ হবে। ইতোমধ্যে এ প্রকল্পের আওতায় বাংলাদেশ ডেল্টা মডেল (BDM) নামক একটি মডেল তৈরি করা হয়েছে। দক্ষিণাঞ্চলের open boundary তে পানির স্তর এবং উত্তরাঞ্চলের open boundary তে পানির প্রবাহ ব্যবহার করে মডেলটি তৈরি করা হয়েছে। কুতুবদিয়া চ্যানেলের ৪টি পয়েন্টের সংগৃহীত প্রাথমিক পানি স্তরেরভিত্তিতে মডেলটির calibration এবং কুতুবদিয়া চ্যানেলের ৫০ কিমিঃ Upstream এর একটি পয়েন্টের সংগৃহীত সেকেন্ডারি পানির স্তরেরভিত্তিতে validation করা হয়েছে। পরবর্তীতে মাঠ পর্যায়ের তথ্য-উপাত্ত ব্যবহার করে মডেলের কার্যকারিতা পরীক্ষা করা হবে। এ গবেষণা প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ আউটপুট হচ্ছে পলি ব্যবস্থাপনার ম্যানুয়েল প্রস্তুত করা।

৩.২.৪) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান (IDM), খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (কুয়েট) কর্তৃক “Research on Water Security Assessment in South-West Coastal Region of Bangladesh” শীর্ষক যৌথ গবেষণা প্রকল্পের কাজ চলমান রয়েছে।

৩.৩। প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প:

৩.৩.১) “বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে সমগ্র দেশের ৫৪ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানি ধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপণ” শীর্ষক একটি প্রকল্প পরিকল্পনা কমিশনের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে, মৌজা ভিত্তিক ভূ-গর্ভস্থ ও ভূপরিষ্ক পানির উৎস চিহ্নিতকরণ, খাতওয়ারী পানির চাহিদা নিরূপণ, ভূ-গর্ভস্থ পানির নিরাপদ আহরণ সীমা নির্ধারণ, জলাধার সংরক্ষণ এবং পানির অবস্থা, প্রাপ্যতা ও পর্যাপ্ততার মাপ তৈরি করা সম্ভব হবে।

৩.৩.২) “ওয়ারপো ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটির অনুমোদন পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন আছে। প্রকল্পটি বাস্তবায়িতহলে ওয়ারপো ভবনের ১০ তলা সম্পন্ন হবে। প্রকল্পটি বাস্তবায়িতহলে ওয়ারপোর বর্ধিত জনবলের অফিস কক্ষ বরাদ্দ করা সম্ভব হবে।

৪। বিগত বছরের ওয়ারপোর বিবিধ কার্যক্রমসমূহ:

৪.১। সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এর লক্ষ্যমাত্রা অর্জনে ওয়ারপোর কার্যক্রম:

বর্তমানে SDG ৬.৪.১ এবং SDG ৬.৪.২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ওয়ারপো কর্তৃক একটি পূর্ণাঙ্গ Proposal for Study Project (PSP) হাতে নেয়া হয়েছে। এছাড়া, ওয়ারপোতে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয়াদি অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৪.২। ওয়ারপোর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):

মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২০ সালের জুলাই মাসের ২৩ তারিখ স্বাক্ষরিত হয়েছে। বিগত ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষরিত কৌশলগত উদ্দেশ্য সমূহ (১. প্রস্তাবিত প্রকল্পের ছাড়পত্র প্রদান। ২. জাতীয় পানি সম্পদ তথ্য উপাত্ত হালনাগাদ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম) ওয়ারপো শতকরা আশিভাগভাগ অর্জন করতে সক্ষম হয়েছে।

৪.৩। বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়ন

প্রাকৃতিক দুর্যোগের প্রভাবকে হ্রাস করে জলবায়ু পরিবর্তন বিবেচনায় রেখে কৃষি, পানিসম্পদ, ভূমি, শিল্প, বনায়ন, মৎস্য সম্পদ প্রভৃতিকে গুরুত্ব প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণের মাধ্যমে সুষ্ঠু পানি সম্পদ ব্যবস্থাপনা, খাদ্য নিরাপত্তা এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকরণের লক্ষ্যে ধাপে ধাপে বাস্তবায়নযোগ্য একটি সমন্বিত দীর্ঘমেয়াদী (৫০ থেকে ১০০ বছর) মহাপরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণের উদ্দেশ্যে নেদারল্যান্ডস সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশ ডেল্টা প্ল্যান- ২১০০ প্রণয়ন প্রকল্প গ্রহণ করা হয়। পানিকেন্দ্রিক উক্ত মহাপরিকল্পনায় দীর্ঘমেয়াদী অর্থাৎ ৫০ ও ১০০ বছরের বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ও বিশ্ব অর্থনীতির দৃশ্যকল্পের ভিত্তিতে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদের কৌশল প্রণয়নের যে নতুন পরিকল্পনা প্রক্রিয়ায় স্থাপিত হয়েছে, ওয়ারপো প্রস্তাবিত জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নে তা অনুসরণ করা হচ্ছে। জিইডি এবং ওয়ারপো ভবিষ্যৎ দৃশ্যকল্প পরিকল্পনায় উভয়েই একে অপরের সাথে সহযোগিতা করবে। জাতীয় পানি সম্পদ পরিকল্পনায় বাংলাদেশ ডেল্টা প্ল্যান- ২১০০ এ বর্ণিত কৌশলগুলোকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। অধিকন্তু, বাংলাদেশ ডেল্টা প্ল্যান- ২১০০ এর investment Plan এ বর্ণিত ওয়ারপো সংশ্লিষ্ট প্রকল্পগুলো বাছাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প প্রণয়ের প্রস্তাব বর্তমানে চলমান রয়েছে।

৪.৪. “Glossary of Water and Water-Related Terms” শীর্ষক বই প্রণয়ন

সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা (Integrated Water Resource Management- IWRM), Water Justice, Water Governance, পানি নিরাপত্তা (Water Security), পানি কূটনীতি (Water Diplomacy), পরিবেশের জন্য পানি প্রবাহ (Environmental Flow), পানি ব্যবহারের দক্ষতা (Water Use Efficiency), Water Stress, Water Scarcity, Industrial Water Use, Water Balance Model - এ রকম বহু শব্দ পানি সম্পদ খাতের বিভিন্ন Academic discipline- এ বিভিন্নভাবে interpret করা হয়। এ সকল শব্দ বা ধারণার সর্বজনগ্রাহ্য সংজ্ঞা ও ব্যাখ্যা এবং হালনাগাদ তথ্যাদিসহ পানি সম্পদ ব্যবস্থাপনায় যুক্ত সকল পর্যায়ের পেশাজীবী ও শিক্ষক- শিক্ষার্থীদের জন্য পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) প্রণয়ন করেছে Glossary of Water and Water-Related Terms। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, মাননীয় উপমন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয় কর্তৃক বিগত ২৫ জুন, ২০২০ তারিখে বইটির মোড়ক উন্মোচন করা হয়।



চিত্র: Glossary of Water and Water-Related Terms এর মোড়ক উন্মোচন।

৪.৫। বিগত বছরে মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার কার্যক্রম:

৪.৫.১) স্থানীয় প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণের বাৎসরিক বিবরণী (জুলাই ২০১৯- জুন ২০২০ মেয়াদে):

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
১	Fifteenth Training Course on “Oceanography: Principles and Applications”	২৩ ফেব্রুয়ারি- ১৩ জুলাই, ২০১৯	NOAMI, Hatirpool	০১
২	Capacity Building Program On “System Thinking and Stakeholder Engagement”	১৫-১৬ জুলাই, ২০১৯	WARPO & UNESCAP	১৪
৩	Consultation Workshop on Technology Transfer	২০ আগস্ট, ২০১৯	AHYDTECH Water Resources (BD) Ltd	২৫
৪	“Capacity Building of Environmental Statistics in Bangladesh”	২৭ আগস্ট - ২৯ আগস্ট, ২০১৯	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭	০১
৫	কর্মচারীদের নির্ধারিত কাজের দায়িত্ব নির্ধারণ, কর্মচারীদের জাতীয় শুদ্ধাচার কৌশল, উত্তম	১১ সেপ্টেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৪২

	চর্চা, দায়িত্ব বিষয়ক প্রশিক্ষণ			
৬	Training on SRH-2D model under project titled, “Research on River Bank Erosion Dynamics Using Numerical Modeling and Deep Learning Techniques”	১৮ সেপ্টেম্বর, ২০১৯ ও ২৩ সেপ্টেম্বর, ২০১৯	DWRE, BUET & WARPO	২০
৭	Microsoft Project(3rd Batch)	২২ - ২৬ সেপ্টেম্বর, ২০১৯	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী	০১
৮	Training on Future Planning Tools for Project Planning and Management	২৯ - ৩০ সেপ্টেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৩০
৯	পরিচ্ছন্নতা ও অফিস পরিবেশ উন্নয়ন, নথি ব্যবস্থাপনা, ই-নথির ব্যবহার, ওয়ারপো’র প্রবিধানমালা, পোশক-পরিচ্ছদ বিষয় নির্দেশনা বিষয়ক প্রশিক্ষণ।	১৭ অক্টোবর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৪২
১০	বুনিয়াদী প্রশিক্ষণ	১৭ অক্টোবর- ০৮ ডিসেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	০৩
১১	Training on Time Series DataCollection, Monitoring and Processing	২২ অক্টোবর -০৪ নভেম্বর, ২০১৯	CEGIS	০৮
১২	Using Underground Models to make water management decisions	১৭-২০ নভেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	০১
১৩	‘বাংলাদেশে শিল্পখাতে পানি ব্যবহার নীতি’ (খসড়া) পর্যালোচনা ও মত বিনিময়ের জন্য কর্মশালা	২৪ নভেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৭০
১৪	Training on Data Quality (Time Series and Spatial-Data Processing, Checking AndPreparation for any Project works) for WARPO Officials	২৫ নভেম্বর ০৮ ডিসেম্বর, ২০১৯	CEGIS	১০
১৫	ডাক ব্যবস্থাপনা, টেলিফোন ব্যবহার, সভা	২৭ নভেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা	৪২

	সেমিনার আয়োজনে ভূমিকা, কর্মক্ষেত্রে উত্তম চর্চা, দুর্নীতি দমন সংক্রান্ত আলোচনা বিষয়ক প্রশিক্ষণ		সংস্থা	
১৬	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (এপিএএমএস) সফটওয়্যার সম্পর্কিত প্রশিক্ষণ	০৬-০৭ ফেব্রুয়ারী, ২০১৯	WARPO	২৪
১৭	Capacity building training on climate change adaptation in the water sector	০৮ -১২ ডিসেম্বর, ২০১৯	CEGIS	০১
১৮	Negotiation Skills and English Proficiency Training Course(1 st Batch)	০৮ -২২ ডিসেম্বর, ২০১৯	জনপ্রশাসন মন্ত্রণালয়	০১
১৯	Inception Workshop on “Study on Online Processing and Tracking of Water Resources Project Clearance and No Objection Certificates for Groundwater Abstraction”	১১ ডিসেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৭৮
২০	সুশাসন, ন্যায় বিচার ও সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা, দায়িত্ববোধ, জবাবদিহিতা ও নেতৃত্ববোধ, কর্মক্ষেত্রে নিয়মিত উপস্থিতি, দাপ্তরিক কাজে টিমওয়ার্ক বিষয়ক প্রশিক্ষণ।	১৭ ডিসেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৪২
২১	Training on Delft-3D model under project titled, “Research on Sediment Distribution and Management in South-West Region of Bangladesh”	১৭ - ১৮ ডিসেম্বর, ২০১৯	IWFM, BUET & WARPO	২০
২২	Workshop: Hydro Synomillia: Thinking of Water, Together (Basin Water Allocation, Environmental Flow Guideline, Water-wise urban development)	২৮ ডিসেম্বর, ২০১৯	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	২৯
